# Prime Minister spoke to His Majesty King Charles III of the UK on telephone

January 03, 2023

# রাজা তৃতীয় চার্লস-এর সঙ্গে দূরভাষের মাধ্যমে আলাপচারিতায় মিলিত হলেন ভারতের প্রধানমন্ত্রী

জানুয়ারী 03, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ দূরভাষের মাধ্যমে এক আলাপচারিতায় মিলিত হলেন যুক্তরাজ্যের মহামান্য রাজা তৃতীয় চার্লস-এর সঙ্গে। রাজা তৃতীয় চার্লস ক্ষমতায় আসীন হওয়ার পর থেকে এই প্রথম তাঁর সঙ্গে আলাপ-আলোচনায় মিলিত হলেন ভারতের প্রধানমন্ত্রী। রাজা চার্লস-এর শাসনকাল নানা দিক থেকে সফল হয়ে উঠুক, এ কামনাও করেন শ্রী নরেন্দ্র মোদী।

দু'জনের মধ্যে একান্ত আলোচনায় দু'দেশের স্বার্থ-সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের ওপর মতবিনিময় করা হয়। জলবায়ু তথা পরিবেশ দূষণ রোধে প্রয়োজনীয় পদক্ষেপ, জীববৈচিত্র্য সংরক্ষণ, শক্তির রূপান্তর প্রচেষ্টায় বিনিয়োগ সমস্যার সমাধানে উদ্ভাবনকে কাজে লাগানো সহ বিভিন্ন বিষয় উঠে আসে তাঁদের আলোচনার পরিসরে।

ভারতের জি-২০-র সভাপতিত্বকালে চিহ্নিত অগ্রাধিকারের বিষয়গুলি সম্পর্কে রাজা চার্লস-কে অবহিত করেন ভারতের প্রধানমন্ত্রী। তিনি জানান, ডিজিটাল পদ্ধতির প্রসারের বিষয়টিকে বিশেষভাবে গুরুত্ব দেওয়া হবে। এছাড়াও, 'মিশন এলআইএফই'-র প্রাসঙ্গিকতার বিষয়টিও শ্রী মোদী ব্যাখ্যা করেন রাজা চার্লস-এর কাছে। এই মিশনের আওতায় পরিবেশ অনুকূল জীবনশৈলীকে নিরন্তর করে তোলার লক্ষ্যে ভারতের বিশেষ প্রচেষ্টার কথাও তুলে ধরেন তিনি।

কমনওয়েলথভুক্ত দেশগুলির প্রাসঙ্গিক বিষয়গুলিও স্থান পায় দু'জনের আলোচনার মধ্যে। এই গোষ্ঠীকে কিভাবে আরও শক্তিশালী করে তোলা যায় সে সম্পর্কেও চিন্তাভাবনা করেন তাঁরা। যুক্তরাজ্যে ভারতীয় বংশোদ্ভূত পরিবারগুলি যে দু'দেশের মধ্যে এক প্রাণবন্ত সম্পর্ক তথা বন্ধন গড়ে তুলেছে, এই বিষয়টি তাঁরা উভয়েই স্বীকার করেন। শুধু তাই নয়, দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও সমৃদ্ধ করে তোলার ক্ষেত্রে ভারতীয় বংশোদ্ভূতরা যে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছেন, এ বিষয়েও তাঁরা সহমত প্রকাশ করেন।

**নতুন দিল্লী**

**জানুয়ারী 03, 2023**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.